

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইসমাতুল আম্বিয়া, সাহাবায়ে কেরাম, তাকফীর, সুন্নাত ও ইমামাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুন্নাহ জাহাঙ্গীর (রহ.)

৪. সাহাবীগণের মর্যাদা

নবীগণের নিষ্পাপত্ব বর্ণনার পাশাপাশি সাহাবীগণের মর্যাদার বিষয়টি উল্লেখ করেছেন ইমাম আবূ হানীফা (রাহ)। আমরা দেখেছি যে, তিনি বলেছেন: "নবীগণের (আঃ) পরে মানব জাতির মধ্যে সর্বোত্তম ও সর্বশ্রেষ্ঠ হলেন আবূ বাক্র সিদ্দীক, তাঁর পরে উমার ইবনুল খাত্তাব আল-ফার্রুক, তাঁর পরে যুনুরাইন উসমান ইবন আক্ষান, তাঁর পরে আলী ইবন আবী তালিব আল-মুরতাযা, রাদিয়াল্লাহু আনহুম আজমাঈন, আল্লাহ তাঁদের সকলের প্রতি সম্ভষ্ট হন। তাঁরা আজীবন আল্লাহর ইবাদতের মধ্যে, সত্যের উপরে ও সত্যের সাথে সুপ্রতিষ্ঠিত থেকেছেন। আমরা তাঁদের সকলকেই ভালবাসি ও ওলী হিসেবে গ্রহণ করি। আমরা রাস্লুল্লাহ (ﷺ) এর কোনো একজন সাহাবীর বিষয়েও ভাল কথা ছাড়া কিছু বলি না।"

এ বক্তব্যটি অনুধাবনের জন্য নিম্নের বিষয়গুলো পর্যালোচনা প্রয়োজন:

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7188

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন